

বর্তমান

কলকাতা, শুক্রবার ১২ জানুয়ারি ২০১৮, ২৭ পৌষ ১৪২৪

চার পুরসভার অনলাইনে সম্পত্তি কর প্রদান ব্যবস্থার সূচনা করলেন পুরমন্ত্রী

বিএনএ, উত্তরপাড়া: বৃহস্পতিবার বিকালে উত্তরপাড়া পুরসভার গণভবনে অনলাইনে পুরকর প্রদান প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। তিনি বলেন, শুধু এই পুরসভাই নয় এদিন থেকে কল্যাণী, বারাকপুর ও পানিহাটি পুরসভায় অনলাইনে কর আদায়ের ব্যবস্থার সূচনা করা হল। এছাড়াও আরও ৬টি পুরসভা তাদের

পুরমন্ত্রী বলেন, আমরা ক্ষমতায় আসার পর মুখ্যমন্ত্রী পানীয় জল ও পরিচ্ছন্নতার উপর জোর দেওয়ার কথা বলেছিলেন। যা আমরা পুরসভাগুলির সহায়তায় সুন্দরভাবে করতে পেরেছি। তিনি বলেন, পুরসভাগুলির বিরক্তি আর্থিক অনিয়মের অভিযোগ রুখতে আগেই সরকারি সমস্ত প্রকল্পের কাজ ই টেক্নোলজির মাধ্যমে করার নির্দেশ জারি হয়েছিল। এবার পুরসভার নিজস্ব তহবিলের টাকায় কাজ করার ক্ষেত্রেও ই টেক্নোলজি পুরসভায় বাধ্যতামূলক করা হয়েছে। ইতিমধ্যেই রাজ্যের সবকটি পুরসভাকে এই নির্দেশিকা দেওয়া হয়েছে। পুরমন্ত্রী বলেন, আমাদের পরবর্তী লক্ষ্য গ্রিন সিটি তৈরি। তাই শুধু বেঙ্গলুরু এবং কলকাতার পারিমাণ সুন্দর চালু করা হচ্ছে। পরবর্তী পর্যায়ে আরও ২০টি পুরসভায় একইভাবে অনলাইনে সম্পত্তি কর প্রদান ব্যবস্থা চালুর প্রস্তুতি চলছে। পুরসভা সুন্দেশে জানা গিয়েছে, www.holdinggtax.co.in সাইটে গিয়ে প্রপার্টি ট্যাক্স অনলাইন সিলেক্ট করতে হবে। এরপর পর্যায়ক্রমে জেলা, পুরসভার নাম ও হোল্ডিং নম্বরটি দিয়ে সার্চ করে তাঁর বকেয়া কর, প্রদেয় করের পরিমাণ, সুন্দ অথবা রিবেটের অক্ষ সহজে দেখতে পারবেন। এরপর অনলাইনে পেমেন্ট করা যাবে।

এদিনের অনুষ্ঠানে পুরমন্ত্রী ছাড়াও বিভিন্ন সচিব ও কর্মকর্তা সচিব ওকার সিং মিনা, জেলাশাসক সঞ্জয় বনশল, জেলা পরিষদের সভাধিপতি মেহবুব রহমান, বিধায়ক প্রবীর ঘোষাল, রাজ্য ভ্যালুয়েশন বোর্ডের জয়েন্ট সেক্রেটারি সৈকত দত্ত সহ উত্তরপাড়া, কোল্কাতা, কল্যাণী, বজবজ, ভদ্রেশ্বর পুরসভার চেয়ারম্যানরা উপস্থিত

ছিলেন।

উত্তরপাড়া পুরসভা সুন্দেশে জানা গিয়েছে, ধাপে ধাপে সমস্ত বাড়ি, জমির মাপ সংক্রান্ত তথ্য ভূমি দপ্তরের কাছ থেকে সংগ্রহ করা হচ্ছে। পুর ও নগরোন্নয়ন এবং ভূমি দপ্তরের তথ্য একটি সার্ভারে আপলোড করে রাখা হচ্ছে। ওই সার্ভার থেকে যে কোনও হোল্ডিং সম্পর্কে সমস্ত তথ্য পাওয়া যাবে। প্রথম পর্যায়ে বারাকপুর, পানিহাটি, কল্যাণী, বজবজ, কামারহাটি, দমদম ও উত্তরপাড়া সহ মোট ১০টি পুরসভায় চালু করা হচ্ছে। পরবর্তী পর্যায়ে আরও ২০টি পুরসভায় একইভাবে অনলাইনে সম্পত্তি কর প্রদান ব্যবস্থা চালুর প্রস্তুতি চলছে। পুরসভা সুন্দেশে জানা গিয়েছে, www.holdinggtax.co.in সাইটে গিয়ে প্রপার্টি ট্যাক্স অনলাইন সিলেক্ট করতে হবে। এরপর পর্যায়ক্রমে জেলা, পুরসভার নাম ও হোল্ডিং নম্বরটি দিয়ে সার্চ করে তাঁর বকেয়া কর, প্রদেয় করের পরিমাণ, সুন্দ অথবা রিবেটের অক্ষ সহজে দেখতে পারবেন। এরপর অনলাইনে পেমেন্ট করা যাবে।

শুধু তাই নয় বাড়িতে বসে নিজের মোবাইল ফোন থেকে অনলাইনে কর প্রদান করতে পারবেন। গুগল প্লে স্টোরে গিয়ে ইউডিএমএ লিখে সার্চ করার পর মিউনিসিপ্যাল ট্যাক্স পেমেন্ট অ্যাপটি ডাউনলোড করতে হবে। এরপর আগের মতোই জেলা, পুরসভা ও হোল্ডিং নম্বর দিয়ে সার্চ করে নিজের বকেয়া কর সম্পর্কে জানা যাবে। এরপর প্রথা মেনে অনলাইনে অর্থ প্রদানের কয়েক মিনিট পরেই অর্থ প্রদানকারী ব্যক্তি প্রমাণ হিসেবে ডিজিটাল রাসিদ ও এসএমএস পাবেন। শহরবাসীকে এই ব্যবস্থার সঙ্গে দ্রুত মানিয়ে নেওয়ার জন্য প্রথম পর্যায়ে কর সংগ্রাহকরা বাড়ি বাড়ি ঘুরে যন্ত্রের মাধ্যমে কর সংগ্রহের কাজ করবেন।



অনলাইনে পুরকর প্রদান প্রকল্পের উদ্বোধন করেন ফিরহাদ হাকিম। -নিজস্ব চিত্র

সমস্ত পরিকাঠামো তৈরির কাজ শেষ করে ফেলেছে। পুরমন্ত্রী বলেন, এই ব্যবস্থা চালু হলে শুধু পুরকর প্রদানই নয় মিউটেশন ও জমি কেনাবেচার সময়ে দালালচক্রের দৌরান্ত্য বন্ধ করা সম্ভব হবে।